79

দৈনিক বাংলা

তারিখ 01 AUG 1987
পৃষ্ঠা 7 কলাম 5

# ৫৪টি প্রাইমারী স্কুল নির্মাণে কারচুপির অভিযোগ

(নিজস্ব সংবাদদাতা)

নীলফামারী ৩০শে জুলাই— নীলফামারীতে প্রাথমিক শিক্ষা কর্মসূচীর ৫৪টি প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ কাজে ব্যাপক কারচুপি ও অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। কোন কোন বিদ্যালয়ের কাজ সম্পন্ন না করেই বিল তোলা হয়েছে বলে জানা গেছে।

১৯৮৫-৮৬ এবং ১৯৮৬-৮৭ অর্থ বছরে প্রাথমিক শিক্ষা ফ্যাসিলিটিজ বিভাগের আওতায় নীলফামারী জেলায় ৫৪টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণী কক্ষ ও ভবন নির্মাণের কাজ হাতে নেয়া হয়।

বিদ্যালয় ভবন নির্মাণের জন্যে দরপত্র আহ্বান করা হলেও সংশ্লিষ্ট লোকজন কাজের শুরুতেই অনিয়মের আশ্রয় নেয়। এক শ্রেণীর অসাধু কর্মকর্তাদের যোগ সাজসে ঠিকাদাররা নিম্নমানের মালামাল দিয়েই অধিকাংশ বিদ্যালয় ভবন নির্মাণের কাজ শুরু করে। নীলফামারী শহরের শাহীপাড়া প্রাথমিক বিদ্যালয়ের কাজ শেষ না হতেই দেয়ালে ফাটল ধরেছে। শহরের হাড়োয়া প্রাথমিক বিদ্যালয়ের দেয়াল ধ্বসে পড়েছে। ৩৬টি বিদ্যালয়ের কাজ ৩ মাসের মধ্যে সম্পন্ন করার কথা থাকলেও এক বছরেও তা সম্পন্ন হয়নি। অপর দিকে সংশ্লিষ্ট বিভাগ ২৬টি বিদ্যালয়ের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে বলে দাবী করলেও বাস্তবে তা হয়নি।

এদিকে কোন কোন বিদ্যালয়ের নির্মাণ সম্পন্ন না করেই বিল তোলা হয়েছে বলে অভিযোগ রয়েছে।

অন্যদিকে ফ্যাসিলিটিজ বিভাগের আওতায় জেলার ৬টি উপজেলার বিভিন্ন মাধ্যমিক স্কুল ও মাদ্রাসায় বিজ্ঞান ভবন নির্মাণ কাজেও ব্যাপক কারচুপির অভিযোগ রয়েছে।